

# উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের জন্য আইসিটি বিষয়ের পঞ্চম অধ্যায়ের কয়েকটি প্রশ্নোত্তর নিয়ে আলোচনা

প্রকাশ কুমার দাস

বিভাগীয় প্রধান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

উচ্চ মাধ্যমিক শ্রেণির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের পঞ্চম  
অধ্যায় প্রোগ্রামিং ভাষা থেকে প্রয়োগ ও উচ্চতর দক্ষতামূলক  
(অ্যালগরিদম, ফ্লোচার্ট ও প্রোগ্রাম) প্রশ্নোত্তর নিয়ে আলোচনা  
করা হলো।

০১. ফারেনহাইট স্কেলের তাপমাত্রাকে  
সেলসিয়াস স্কেলের তাপমাত্রায় রূপান্তরের জন্য  
অ্যালগরিদম লেখ, ফ্লোচার্ট অঙ্কন কর ও প্রোগ্রাম  
লেখ।

ফারেনহাইট স্কেলের তাপমাত্রাকে  
সেলসিয়াস স্কেলের তাপমাত্রায় রূপান্তরের  
অ্যালগরিদম

ধাপ- ১ : শুরু করি।


ধাপ- ২ : F ইনপুট করি।

ধাপ- ৩ :  $C = (F-32)*5/9$  তাপমাত্রা নির্ণয়  
করি।

ধাপ- ৪ : C প্রিন্ট করি।

ধাপ- ৫ : শেষ করি।

ফারেনহাইট স্কেলের তাপমাত্রাকে  
সেলসিয়াস স্কেলের তাপমাত্রায় রূপান্তরের  
ফ্লোচার্ট



ফারেনহাইট স্কেলের তাপমাত্রাকে  
সেলসিয়াস স্কেলের তাপমাত্রায় রূপান্তরের  
প্রোগ্রাম

```

#include<stdio.h>
#include<conio.h>
main()
{
int F,C;
printf("Enter Ferhenheight temperature =");
scanf("%d", &F);
C = 5/9*(F-32);
printf("Celsius temperature=%d\n", C);
getch();
}
  
```

ফলাফল

Enter Ferhenheight temperature = 59

Celsius temperature = 15

০২. সেলসিয়াস স্কেলের তাপমাত্রাকে  
ফারেনহাইট স্কেলের তাপমাত্রায় রূপান্তরের জন্য  
অ্যালগরিদম লেখ, ফ্লোচার্ট অঙ্কন কর ও প্রোগ্রাম  
লেখ।

সেলসিয়াস স্কেলের তাপমাত্রাকে  
ফারেনহাইট স্কেলের তাপমাত্রায় রূপান্তরের  
অ্যালগরিদম

ধাপ- ১ : শুরু করি।


ধাপ- ২ : C ইনপুট করি।

ধাপ- ৩ :  $F = 9*C/5+32$  তাপমাত্রা নির্ণয়  
করি।

ধাপ- ৪ : F প্রিন্ট করি।

ধাপ- ৫ : শেষ করি।

সেলসিয়াস স্কেলের তাপমাত্রাকে  
ফারেনহাইট স্কেলের তাপমাত্রায় রূপান্তরের  
ফ্লোচার্ট



সেলসিয়াস স্কেলের তাপমাত্রাকে  
ফারেনহাইট স্কেলের তাপমাত্রায় রূপান্তরের  
প্রোগ্রাম

```

#include<stdio.h>
#include<conio.h>
main()
{
int C, F;
printf("Enter Celcius temperature =");
scanf("%d",&C);
F=(9*C)/5+32;
printf("Ferhenheight temperature=%d\n", F);
getch();
}
  
```

ফলাফল

Enter Celcius temperature = 100  
Ferhenheight temperature = 212

০৩.  $1 + 2 + 3 + \dots + N$  ধারার যোগফল  
নির্ণয়ের অ্যালগরিদম লেখ, ফ্লোচার্ট অঙ্কন কর  
ও প্রোগ্রাম লেখ।

$1 + 2 + 3 + \dots + N$  ধারার যোগফল নির্ণয়ের  
অ্যালগরিদম

ধাপ- ১ : শুরু করি।

ধাপ- ২ : N-এর মান ইনপুট করি।

ধাপ- ৩ : যোগফলের জন্য  $S = 0$  এবং চলক  
 $I = 1$  ব্যবহার করা হয়েছে।

ধাপ- ৪ : যদি  $I > N$  হয় তাহলে ৭নং ধাপে  
গমন করি; অন্যথায় ৫নং ধাপে গমন করি।


ধাপ- ৫ :  $S = S + I$

ধাপ- ৬ :  $I = I + 1$  (I-এর মান বৃদ্ধি করি  
এবং আবার ৪নং ধাপে যাই।)

ধাপ- ৭ : যোগফল প্রিন্ট করি।

ধাপ- ৮ : শেষ করি।

$1 + 2 + 3 + \dots + N$  ধারার যোগফল নির্ণয়ের  
ফ্লোচার্ট



$1 + 2 + 3 + \dots + N$  ধারার যোগফল নির্ণয়ের  
প্রোগ্রাম

```

#include<stdio.h>
#include<conio.h>
main()
{
int a, N, s;
s=0;
a=1;
printf("Enter value of N=");
scanf("%d", &N);
while (a <= N)
{
s=s+a;
a=a+1;
}
printf("Sum=%d", s);
getch();
}
  
```

ফলাফল

Enter value of N=10  
Sum=55

ফিডব্যাক : [prokashkumar08@yahoo.com](mailto:prokashkumar08@yahoo.com)